



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জেলা প্রশাসকের কার্যালয়, মাগুরা

সাধারণ শাখা

www.magura.gov.bd

৭ ডিসেম্বর মাগুরামুক্ত দিবস-২০২০ উদযাপন উপলক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভাপতি : ড. আশরাফুল আলম
জেলা প্রশাসক, মাগুরা
স্থান : জেলা প্রশাসক, মাগুরা এর সম্মেলন কক্ষ
তারিখ : ২৫.১১.২০২০ খ্রি:
সময় : সকাল ১১:০০ টা

উপস্থিত সদস্যবৃন্দের তালিকা: পরিশিষ্ট ক (স্বাক্ষরের ক্রমানুসারে)

মুক্তিযুদ্ধের মহান সংগঠক হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, মহান মুক্তিযুদ্ধে অংশগ্রহণকারী বীর মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধাদের প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করে সভার কাজ শুরু করা হয়। সভাপতি মাগুরা জেলায় ৭ ডিসেম্বর ২০২০ মাগুরামুক্ত দিবস করোনাকালীন সময়ে সামাজিক দূরত্ব বজায় রেখে যথাযোগ্য মর্যাদায় এবং উৎসবমুখর পরিবেশে সুষ্ঠু, সুন্দরভাবে উদযাপনের জন্য উপস্থিত সদস্যদের আহ্বান জানান। বিস্তারিত আলোচনান্তে ৭ ডিসেম্বর মাগুরামুক্ত দিবস ২০২০ উদযাপনের জন্য নিম্নবর্ণিত কর্মসূচি গৃহীত হয়।

কর্মসূচি:

| তারিখ | সময় | কর্মসূচি | স্থান | ব্যবস্থাপনা |
|--------------------------|-----------------|---|---|---|
| ৭ ডিসেম্বর ২০২০ খ্রি. | সকাল ১১:০০ টা | শহীদ মুক্তিযোদ্ধা স্মৃতি স্তম্ভে পুষ্পস্তবক অর্পন | নোমানী ময়দান, মাগুরা | জেলা প্রশাসন ও মেয়র, মাগুরা পৌরসভা, মাগুরা |
| | সকাল ১১:১৫ টা | মাগুরামুক্ত দিবসের তাৎপর্য তুলে ধরে বিশেষ আলোচনা সভা | নোমানী ময়দান, মাগুরা | জেলা প্রশাসন, মাগুরা |
| | বিকাল ৩:০০টা | লাঠি খেলা ও সাপ খেলা | নোমানী ময়দান, মাগুরা | সোনালী অতীত ক্লাব, মাগুরা |
| | বিকাল ৩:৩০টা | অষ্টক গান | নোমানী ময়দান, মাগুরা | মেয়র, মাগুরা পৌরসভা, মাগুরা |
| | সন্ধ্যা ৬:০০ টা | ব্ল্যাক আউট (Black Out) ও মোমবাতি প্রজ্জলন | মাগুরা শহরের প্রধান প্রধান সড়ক ও বাড়ির ছাদ | জেলা প্রশাসন, জেলা মুক্তিযোদ্ধা সংসদ ইউনিট, মেয়র, মাগুরা পৌরসভা ও জেলা কম্যান্ডেন্ট আনসার ও ভিডিপি, মাগুরা |

সিদ্ধান্তসমূহ :

- ১) দিবসটি উদযাপনের জন্য একাধিক উপকমিটি গঠন করতে হবে। উপকমিটির আহ্বায়ককে স্ব স্ব উপকমিটির সভা আহ্বান করে মাগুরা মুক্ত দিবস ২০২০ এর অনুষ্ঠানসমূহ সুষ্ঠু ও সুন্দরভাবে আয়োজনের লক্ষ্যে সকল পদক্ষেপ নিতে বিশেষ ভাবে অনুরোধ করা হলো।
- ২) সকল সরকারি-বেসরকারি ভবন/দোকান/শিক্ষা প্রতিষ্ঠানসমূহে মোমবাতি প্রজ্জলন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়।
- ৩) মাগুরা মুক্ত দিবস-২০২০ উদযাপনের ব্যয়ভার নির্বাহের জন্য সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে এ সংক্রান্ত ব্যয়ভার নির্বাহের জন্য চেয়ারম্যান, জেলা পরিষদ, মেয়র, মাগুরা পৌরসভা, চেয়ারম্যান, মাগুরা সদর উপজেলা পরিষদ, রাজনৈতিক নেতৃবৃন্দ এবং সাবেক জেলা কম্যান্ডার, জেলা মুক্তিযুদ্ধ সংসদ ইউনিট, মাগুরাসহ সংশ্লিষ্টদের অনুরোধ করা হয়।
- ৪) দিবসটি উদযাপন উপলক্ষ্যে আয়োজিত সকল অনুষ্ঠানে আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণ করার জন্য প্রয়োজনীয় পুলিশফোর্স মোতায়েন করতে পুলিশ সুপার, মাগুরাকে অনুরোধ জানানো হয়।
- ৫) দিবসটি উদযাপন উপলক্ষ্যে আয়োজিত সকল অনুষ্ঠানে সার্বক্ষণিক বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার জন্য নির্বাহী প্রকৌশলী, ওজোপাডিকো লি: মাগুরাকে অনুরোধ জানানো হয়।
- ৬) জেলা তথ্য অফিসার র্যালি, আলোচনা সভা অনুষ্ঠানে মাইক সরবরাহ করবে ও দিবসটি উদযাপন উপলক্ষ্যে ব্যাপক প্রচারণার ব্যবস্থা গ্রহণ করবে।

৭ ডিসেম্বর, মাগুরামুক্ত দিবস মাগুরাবাসীর জীবনে গৌরবোজ্জ্বল দিন। এ দিবসের সকল অনুষ্ঠানে স্বতঃস্ফূর্তভাবে সকলকে অংশগ্রহণের অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


২৫/১১/২০২০

ড. আশরাফুল আলম
জেলা প্রশাসক, মাগুরা

ও

সভাপতি

৭ ডিসেম্বর মাগুরামুক্ত দিবস উদযাপন কমিটি

স্মারক নং- ০৫.৪৪.৫৫.০০.০০৬.১২.০২.১৮-৮২৫/১০০)

তারিখ : ২৫.১১.২০২০খ্রি.

বিতরণ : সদয় জ্ঞাতার্থে :

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
- ৩। সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৪। সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, সরকারি পরিবহন পুল ভবন, ঢাকা
- ৫। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা
- ৬। মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন/ বাংলাদেশ বেতার, ঢাকা
- ৭। উপমহাপুলিশ পরিদর্শক, খুলনা রেঞ্জ, খুলনা

কার্যার্থে :

- ১। পুলিশ সুপার, মাগুরা
- ২। সিভিল সার্জন, মাগুরা
- ৩। মেয়র, মাগুরা পৌরসভা
- ৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মাগুরা সদর/মহম্মদপুর/শালিখা/শ্রীপুর, মাগুরা
- ৫। উপজেলা নির্বাহী অফিসার, মাগুরা সদর/মহম্মদপুর/শালিখা/শ্রীপুর, মাগুরা
- ৬। জনাব....., মাগুরা


২৫.১১.২০২০
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)
মাগুরা